সংবাদ

তারিখ ... 18-2-84 ...
পৃষ্ঠা ... কলাম ...

ঢাকা বিশ্ববিদ্যালয়

## বিএ পরীক্ষার ফল ॥ ১৪টি কলেজের কেউ পাস করেনি

(নিজস্ব বার্তা পরিবেশক)

ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীন ১৯৮৩ সালের বিএ (পাস) ও বিএ/বিএসএস সাবসিডিয়ারী পরীক্ষার ফলাফল গতকাল শুক্রবার প্রকাশিত হয়েছে। বিএ (পাস) পরীক্ষায় মোট ৮ হাজার ৯২৫ জন পরীক্ষার্থীর মধ্যে ১হাজার ৪৯৯ জন উত্তীর্ণ হয়েছে। পাসের হার শতকরা ১৭ ভাগ। এরমধ্যে দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ হয়েছে ২৮৮ জন। প্রথম বিভাগে কেউই উত্তীর্ণ হতে পারেনি।

বিএ, বিএসএস সাবসিডিয়ারী পরীক্ষায় মোট ৩ হাজার ৯৭৭ জন পরীক্ষার্থীর মধ্যে ১ হাজার ৮১০ জন উত্তীর্ণ হয়েছে। পাসের হার শতকরা ৫৭ ভাগ।

### ১৪টি কলেজের কেউ পাস করেনি

বি এ (পাস) পরীক্ষায় ১৪টি কলেজ থেকে কেউই উত্তীর্ণ হতে পারেনি। এই সকল কলেজ থেকে মোট ২৮১ জন ছাত্রছাত্রী পরীক্ষায় অংশগ্রহণ করেছিল। কলেজগুলো হচ্ছে—পটুয়াখালী সরকারী মহিলা কলেজ, গলাচিপা ডিগ্রী কলেজ, কলসকাঠি ডিগ্রী কলেজ, স্বরূপকাঠি কলেজ, শের-ই-বাংলা কলেজ, চরফ্যাশন কলেজ, বি,সি,আর,সি কলেজ, মির্জাপুর কলেজ, হোসেনপুর কলেজ, কটিয়াদি কলেজ, মোহনগঞ্জ কলেজ, কবি নজরুল সরকারী কলেজ, রায়েরকান্দা কলেজ ও ফজলুল হক মহিলা কলেজ।

0 048